

র‍্যাবের পৃথক অভিযানে ১০৪৯ বোতল ফেনসিডিল, ৭৭৮৫ পিস ইয়াবা ও ১৪২ বোতল বিদেশী মদসহ ৪ জন মাদক ব্যবসায়ী গ্রেফতার

স্টাফ রিপোর্টারঃ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) এলিট ফোর্স হিসেবে আত্মপ্রকাশের সূচনালগ্ন থেকেই বিভিন্ন ধরনের নৃশংস ও ঘৃণ্যতম অপরাধ বিশেষ করে মাদক উদ্ধার, হত্যা মামলা, সন্ত্রাসী, চাঁদাবাজ, জঙ্গি দমন, অবৈধ অস্ত্র উদ্ধার ও ছিনতাইকারীসহ বিভিন্ন অপরাধীদের গ্রেফতারে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। এরই ধারাবাহিকতায় র‍্যাব-৯ >>> ৭ম পৃঃ দেখুন

# পাতাকুঁড়ির দেশ

www.patakuri.com

একটি নিরপেক্ষ সাপ্তাহিক

রেজিঃ নং চ-২৯১ ॥ মৌলভীবাজার ॥ সোমবার ২১ শ্রাবণ ১৪৩১ বাংলা, ২৯ মহররম ১৪৪৬ ॥ Monday 5 August 2024, ২৮ তম বর্ষ ॥ সংখ্যা ॥ ২৫ ॥ পৃষ্ঠা-৮ । মূল্য ॥ ৫ টাকা

## মৌলভীবাজারে বৈষম্যবিরোধী আন্দোলনকারী শিক্ষার্থীদের সাথে ছাত্রলীগ ও যুবলীগের সংঘর্ষ,আহত শতাধিক, শহর জুড়ে আতংঙ্ক

স্টাফ রিপোর্টারঃ রোববার ৪ আগষ্ট দুপুরের দিকে পূর্ব ঘোষনানুযায়ী একদফা দাবিতে বৈষম্যবিরোধী আন্দোলনের শিক্ষার্থীরা মৌলভীবাজার সরকারি কলেজের সামনে জড়ো হয়। কোর্ট এলাকায় সাকুরা মার্কেটের সামনে আসা মাত্র আন্দোলনরত শিক্ষার্থীদের বাধাদেয় পুলিশ। ওখান থেকে বাঁধা অতিক্রম করে সামনের দিকে আগাতে থাকেন কয়েক শতাধিক আন্দোলনকারী শিক্ষার্থী। তারা মিছিল সহকারে শহরের চৌমহনায় এলাকায় পৌছালে তাদের উপর ছাত্রলীগ, যুবলীগ হামলা চালায় ও ব্যাপক মারধর করে। পরে আন্দোলনরত শিক্ষার্থীরা সুসংগঠিত হয়ে শহরের চৌমুহনা এলাকায় অবস্থানকারী ছাত্রলীগ ও যুবলীগের উপর পাল্টা হামলা চালায়। পরে ধাওয়া পাল্টা >>> ২য় পৃঃ দেখুন

### মৌলভীবাজার পৌরসভা ১৫০ কোটি ৯৫ লাখ ৭৩ হাজার টাকার বাজেট ঘোষণা

স্টাফ রিপোর্টারঃ মৌলভীবাজার পৌরসভা ২০২৪-২৫ অর্থবছরের ১ কোটি ৭০ হাজার ৭৪০.৭৩ টাকা উদ্বৃত্ত রেখে ১৫০ কোটি ৯৫ লাখ ৭৩ হাজার ৯২৪.৭৩ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। এবছর মৌলভীবাজার পৌরসভা জন্মনিবন্ধনে দেশ সেরা পুরস্কার ও পরিবেশ রক্ষায় জাতীয় পুরস্কার পেয়েছে। মঙ্গলবার ৩০ জুলাই দুপুরে পৌরসভা মিলনায়তনে এ বাজেট ঘোষণা করেন পৌর মেয়র মোঃ ফজলুর রহমান। >>> ৭ম পৃঃ দেখুন

### মৌলভীবাজার জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মতিন বকস গ্রেফতার

স্টাফ রিপোর্টারঃ মৌলভীবাজার জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মতিন বকসকে বিশেষ ক্ষমতা আইনে গ্রেফতার করেছে মৌলভীবাজার মডেল থানা পুলিশ। মতিন বকসের ঘনিষ্টজনরা জানান সোমবার ২৯ জুলাই রাত প্রায় সাড়ে দশটার দিকে শহরের শমসের নগর রোড এলাকায় তার নিজ ব্যবসা প্রতিষ্ঠান থেকে বাসায় ফেরার পথে তাকে আটক করে পুলিশ। উল্লেখ্য শিক্ষার্থীদের কোটা আন্দোলন ও সহিংসতাকে কেন্দ্র করে >>> ৭ম পৃঃ দেখুন

### মৌলভীবাজারে পালিত হচ্ছে মৎস্য সপ্তাহ ২০২৪

স্টাফ রিপোর্টারঃ "ভরবো মাছে মোদের দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে মৌলভীবাজারে পালিত হচ্ছে মৎস্য সপ্তাহ ২০২৪। বুধবার ৩১ জুলাই সকালে জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গন থেকে বর্ণাঢ্য র‍্যালী বের হয়। র‍্যালী শেষে শহরের ম্যাজিষ্ট্রেট কোয়টার পুকুরে মাছের পোনা অবমুক্ত করা হয়। এ সময় উপস্থিত ছিলেন মৌলভীবাজার-৩ আসনের সংসদ সদস্য মোঃ জিল্লুর রহমান সহ অন্যান্যরা। >>> ৭ম পৃঃ দেখুন


PCOP পাতাকুঁড়ি কম্পিউটার এন্ড অফসেট প্রিন্টার্স
Patakuri Computer & Offset Printers
ঝকঝকে ছাপার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
নিখুঁতভাবে এক প্রতিষ্ঠান থেকে সকল মুদ্রণ কাজ সরবরাহ করা হয়।
- গ্রাফিক্স ডিজাইন
- ডিজিটাল ব্যানার প্রিন্ট
- স্টিকার প্রিন্ট
- ডক্টর ফাইল
- প্যাড
- ক্যাশ মেমো
- ল্যামিনেশন
- সিটিপি প্লেট তৈরী
- ডাই কাটিং
- লিফলেট
- সব ধরনের পোষ্টার
- ভিজিটিং কার্ড
- দাওয়াত কার্ড
- বিয়ের কার্ড
- ক্যালেন্ডার


*Figure 1 সংবাদপত্রে জুলাই গণ-অভ্যুত্থান, মৌলভীবাজার*



## সৈরাচারের পতনে আল্লাহর দরবারে, শুকরিয়া জানান খেলাফত মজলিস নেতৃবৃন্দ

স্টাফ রিপোর্টারঃ বাংলাদেশ খেলাফত মজলিস মৌলভীবাজার জেলা শাখার মাসিক নির্বাহী বৈঠকে নেতৃবৃন্দ এসব কথা বলেন। ৮ আগষ্ট বিকেল ৩টায় জেলা মজলিস মিলনায়তনে জেলা সভাপতি মুফতি মাওলানা হাবীবুর রহমান ক্বাসেমীর সভাপতিত্বে ও জেলা সাধারণ সম্পাদক মুফতী মাওলানা হিফজুর রহমান হেলাল এর পরিচালনায় অনুষ্ঠিত বৈঠকে সভাপতির বক্তব্যে কেন্দ্রীয় সদস্য ও জেলা সভাপতি শাইখুল হাদীস মুফতী হাবিবুর রহমান বলেন আওয়ামী জালিম সরকার বন্ধুকের নলের উপর মানুষ কে জিম্মি করে >>> ৭ম পৃঃ দেখুন

# পাতাকুঁড়ির দেশ

www.patakuri.com

একটি নিরপেক্ষ সাপ্তাহিক

রেজিঃ নং চ-২৯১ ঃ মৌলভীবাজার ঃ সোমবার ২৮ শ্রাবণ ১৪৩১ বাংলা, ৬ রজব ১৪৪৬ ঃ Monday 12 August 2024, ২৮ তম বর্ষ ঃ সংখ্যা ঃ ২৬ ঃ পৃষ্ঠা-৮ । মূল্য ঃ ৫ টাকা

## শেখ হাসিনা দেশ ছেড়ে পালালেন স্বাধীনতায় বিজয় উল্লাসে জনতার বাঁধভাঙ্গা জোয়ার

স্টাফ রিপোর্টারঃ শেখ হাসিনা দেশ ছেড়ে পালানোর খবরে পতাকা হাতে জেলা শহরের রাজপথে নেমে আসে নানা শ্রেণী পেশার হাজার হাজার মানুষ। স্বাধীনতায় বিজয়ের উল্লাসে নানা শ্লোগানে মুখরিত করে তোলেন মৌলভীবাজারের রাজপথ। শহরের চৌমহনাতে অল্প সময়ের মধ্যে বৃষ্টি অপেক্ষা করে কয়েক হাজার মানুষ জড়ো হন। সেখানে প্রায় ঘন্টাখানেক সময় অবস্থান করে আনন্দ মিছিল করেন।
এসময় আওয়ামীলীগ ও শেখ হাসিনা বিরোধী নানা শ্লোগানে প্রকম্পিত হয়ে উঠে। উচুঁ দালানের ছাদে উঠে তারা লাল সবুজের পতাকা উড়াতে থাকেন। এরপর তারা মিছিল নিয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে বিজয়ের আনন্দ উল্লাস প্রকাশ করতে থাকেন। এসময় বাসাবাড়ি থেকে শিশু,মহিলা ও বয়স্করা হাত নেড়ে তাদেরকে অভিবাদন জানান।
বিকেল ৪টার দিক থেকে শুরু হওয়া এই মিছিল একনাগাড়ে চলতে থাকে। কেউ কেউ মোটর সাইকেলে র‍্যালী দিয়ে আবার অনেকেই ট্রাক দিয়েও বিজয় মিছিল করছেন। পায়ে হেঁটেও হাজার হাজার মানুষ পুরো শহর আনন্দ মিছিল করতে থাকেন। শহরের চৌমহনা ও কুসুমভাগ পয়েন্ট এলাকায় উপস্থিত জনতা একে অপরকে মিষ্টি বিতরণ করে আনন্দ উল্লাস প্রকাশ করতে থাকেন। >>> ৭ম পৃঃ দেখুন

## সেনাবাহিনীর সাথে সাংবাদিকদের মতবিনিময়, ৫টি আগ্নেয়াস্ত্র উদ্ধার

স্টাফ রিপোর্টারঃ মৌলভীবাজার সদর ও রাজনগরের দায়িত্বপ্রাপ্ত সেনা কর্মকর্তা মেজর মীর এর সাথে মৌলভীবাজার জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার গণমাধ্যম কর্মীদের সাথে মতবিনিময় করেছেন। শনিবার ১০ আগষ্ট সন্ধ্যায় মৌলভীবাজার এম সাইফুর রহমান ষ্টেডিয়ামের সম্মেলন কক্ষে মতবিনিময় অনুষ্ঠিত হয়। এসময় জেলার আইনশৃঙ্খলা, বাজার পরিস্থিতিসহ সার্বিক বিষয়ে সাংবাদিকদের কাছ >>> ৭ম পৃঃ দেখুন

সেনাবাহিনীর সহায়তা পেতে
০১৭৬৯১৭৫৬৮০
০১৭৬৯১৭২৪০০
নম্বরে কল করুন

স্টাফ রিপোর্টারঃ দেশে বিদ্যমান পরিস্থিতিতে জনসাধারণের জানমাল ও সরকারি গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের সার্বিক নিরাপত্তা দিতে বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যারা মোতায়েন রয়েছেন।
বুধবার ৭ আগস্ট বাংলাদেশ সেনাবাহিনীর ভেরিফায়েড ফেসবুক পেজে এক বার্তায় বলা হয়েছে, যে কোনো নাশকতামূলক কর্মকাণ্ড, হানাহানি এবং প্রাণনাশের হুমকির সম্মুখীন হলে নিকটস্থ সেনাবাহিনী ক্যাম্পে >>> ৭ম পৃঃ দেখুন

## হিন্দু ধর্মাবলম্বী জেলা নেতৃবৃন্দের সাথে জামায়াতের মতবিনিময় সভা ও কালীমন্দির পরিদর্শন

স্টাফ রিপোর্টারঃ মৌলভীবাজার জেলার হিন্দু ধর্মাবলম্বী বিভিন্ন সংগঠন শ্রেণী ও পেশার নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করে বাংলাদেশ জামায়াতে ইসলামী মৌলভীবাজার জেলা শাখা।
বৃহস্পতিবার ৮ আগস্ট সকাল ১১টায় জেলার ওয়েস্টার্ন প্লাজার হলরুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর মৌলভীবাজার >>> ৭ম পৃঃ দেখুন

## পুলিশ শুন্য মৌলভীবাজার মডেল থানা পরিত্যক্ত চায়নিজ রাইফেল উদ্ধার

স্টাফ রিপোর্টারঃ ৫ আগষ্ট প্রধান মন্ত্রীর পদ ছেড়ে শেখ হাসিনা ভারতে পালানোর পর তার আনুগত্য পুলিশ চরম বেকায় পরে। এর আগে কয়েক দিনের বৈষম্য বিরোধী আন্দোলন চলা কালে পুলিশের গুলিতে কয়েক শত ছাত্র জনতার মৃত্যু হয়। এছাড়া ব্যপক ভাবে পুলিশ চালায় গ্রেফতার ও নির্যাতন। এরই বহিঃপ্রকাশ ঘটে ৫ আগষ্ট রাতে মৌলভীবাজার মডেল থানায়। এক পর্যায়ে বিক্ষুব্ধ জনতা থানায় >>> ৭ম পৃঃ দেখুন

## শমশেরনগর হাসপাতালের সেবা পর্যালোচনা এবং আগামী কর্মপরিকল্পনা নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত

সালেহ আহমদ (স'লিপক) : মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার শমশেরনগর হাসপাতালের আউটডোর সেবা, গত তিন মাসের কাজ ইত্যাদি নিয়ে ডাক্তার, নার্স সহ অন্যান্য স্টাফদের সাথে পর্যালোচনা এবং আগামী কর্মপরিকল্পনা নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। >>> ৭ম পৃঃ দেখুন

## কোন প্রকার হামলা বা ভাংচুর না করার আহ্বান -এম নাসের রহমান

স্টাফ রিপোর্টারঃ বর্তমান রাজনৈতিক পটপরিবর্তনের কারণে মৌলভীবাজার জেলার অতি উৎসাহী বা সুযোগসন্ধানী কিছু মানুষ তাদের রাজনৈতিক এবং ব্যক্তিগত প্রতিপক্ষের ব্যবসা-বানিজ্য প্রতিষ্ঠানে হামলা বা ভাঙ্গচুর না করার জন্য আমি আহব্বান জানাচ্ছি।
সেই সাথে হিন্দু সম্প্রদায়ের বাড়ীঘর, উপসানালয় ও ব্যবসা প্রতিষ্ঠানে কোন প্রকার হামলা-ভাঙ্গচুরের >>> ৭ম পৃঃ দেখুন


PCOP পাতাকুঁড়ি কম্পিউটার এন্ড অফসেট প্রিন্টার্স
Patakuri Computer & Offset Printers
ঝকঝকে ছাপার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
নিখুঁতভাবে এক প্রতিষ্ঠান থেকে সকল মুদ্রণ কাজ সরবরাহ করা হয়।
গ্রাফিক্স ডিজাইন, ডিজিটাল ব্যানার প্রিন্ট, স্টিকার প্রিন্ট, ডক্টর ফাইল, প্যাড
ক্যাশ মেমো, ল্যামিনেশন, সিটিপি প্লেট তৈরী, ডাই কাটিং, লিফলেট
সব ধরনের পোষ্টার, ভিজিটিং কার্ড, দাওয়াত কার্ড, বিয়ের কার্ড, ক্যালেন্ডার
সৈয়দা রাবেয়া ম্যানশন, সিলেট সড়ক, মৌলভীবাজার।
মোবাইলঃ ০১৭ ১১৮১৪০০৩, ফোন ঃ ০২৪১১১০১৭৬, Email: patakuri@gmail.com


*Figure 2 সংবাদপত্রে জুলাই গণ-অভুত্থান, মৌলভীবাজার*

